



## প্রেস বিজ্ঞপ্তি

### বরিশাল বিশ্ববিদ্যালয়ে পরিচ্ছন্নতা অভিযান-২০২৪ উদ্বোধন

বরিশাল বিশ্ববিদ্যালয়, ১৮ জানুয়ারি ২০২৪।

বরিশাল বিশ্ববিদ্যালয়ের বিএনসিসি (সেনা ও নৌ শাখা) এবং রোভার স্কাউট গ্রুপের উদ্যোগে পরিচ্ছন্নতা অভিযান-২০২৪ উদ্বোধন করা হয়েছে। ১৮ জানুয়ারি সকাল ১১টায় এ কার্যক্রমের উদ্বোধন করেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য (রু.দা.) অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া। উদ্বোধন শেষে উপাচার্য মহোদয় বিএনসিসি ও রোভার স্কাউটের এ ধরনের উদ্যোগকে স্বাগত জানান। তিনি বলেন, বিএনসিসি ও রোভার স্কাউটের এ উদ্যোগ বিশ্ববিদ্যালয়ের সকলের মধ্যে সচেতনতা বৃদ্ধিতে সহায়ক হবে। এখন থেকে প্রতিমাসের প্রথম সপ্তাহে ০১ দিন করে এ পরিচ্ছন্নতা কার্যক্রম পরিচালিত হবে। এভাবে সকলের ঐকান্তিক প্রচেষ্টায় বরিশাল বিশ্ববিদ্যালয় শিক্ষা, গবেষণাসহ বিভিন্ন সহশিক্ষা কার্যক্রমের সমন্বয়ে দেশ ও বিদেশে পরিচিতি লাভ করবে এবং অচিরেই একটি মডেল বিশ্ববিদ্যালয়ে পরিণত হবে। এসময় তিনি শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, বরিশাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য অতিদ্রুত একটি কাউন্সিলিং সেন্টার প্রতিষ্ঠা করা হবে যেখানে একজন মনোবিজ্ঞানী নিয়োগ দেয়া হবে। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বিশ্ববিদ্যালয়ের বিএনসিসি সেনা শাখার ২/লেফটেন্যান্ট ড. মোহাম্মদ আবদুল বাতেন চৌধুরী, নৌ শাখার পি.ইউ.ও. হোসনেয়ারা ডালিয়া এবং রোভার স্কাউটের গ্রুপ সম্পাদক লিডার দিলআফরোজ খানম উপস্থিত ছিলেন। এছাড়াও বিভিন্ন অনুষ্ঠানের দিন, রেজিস্ট্রার, শিক্ষক সমিতির সভাপতি, সাধারণ সম্পাদক, প্রক্টর, বঙ্গবন্ধু হলের প্রভোস্ট, বিভিন্ন বিভাগের চেয়ারম্যানবৃন্দ, বিএনসিসি ও রোভার স্কাউট গ্রুপের ক্যাডেটগণসহ শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা এবং কর্মচারীরা উপস্থিত ছিলেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

২০২৪-০১-১৮

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়